

া লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

১৭৩, কাফেররাও বিভিন্ন স্তরের

জর্জ বুশ তার স্মারক গ্রন্থ "অগ্রসর হও" "Moving Ahead"-এ উল্লেখ করেছেন যে তিনি সোভিয়েত ইউনিয়নের প্রেসিডেন্ট ব্রেযনেভের সৎকারে উপস্থিত হয়েছিলেন। বুশ বলেছেন যে, "আমি সৎকার কাজকে অন্ধকার ও খারাপ দেখলাম, এটা ঈমানহীন এবং আত্মাহীন ছিল।" তিনি খ্রিষ্টান ছিলেন আর তারা ছিল নাস্তিক তাই তিনি একথা বলেছেন।

"এবং যারা বলে, আমরা খ্রিস্টান; আপনি তাদেরকে ভালোবাসার দিক থেকে ঈমানদারদের নিকটবর্তী পাবেন।" (৫-সূরা মায়িদাঃ আয়াত-৮১)

ভেবে দেখুন যে, যদিও তিনি পথভ্রস্ট তবুও তিনি তাদের মিথ্যা বিষয় ও অসাড়তাকে উপলব্ধি করতে পেরেছিলেন। এভাবেই বিষয়টি তুলনামূলক (হয়)। যদি তিনি আল্লাহর সত্য ধর্ম ইসলাম (সম্বন্ধে) জানতেন তবে ব্যাপার স্যাপার কতইনা ভিন্ন ধরনের হতো।

"আর যে ব্যক্তি ইসলাম ছাড়া অন্য ধর্ম তালাশ করে, তার পক্ষ থেকে তা কখনই গ্রহণ করা হবে না এবং সে পরকালে ক্ষতিগ্রস্ত হবে।" (৩-সুরা আলে ইমরানঃ আয়াত-৮৫)

এ ঘটনায় ইমাম ইবনে তাইমিয়ার একটি কথা আমার মনে পড়ে গেল। তিনি এক ভণ্ড তাপসের (সুফীর) সাথে কথা বলতে ছিলেন। লোকটি ইবনে তাইমিয়াকে বলল "যখন আমরা তোমাদের আহলে সুন্নাহ ওয়াল জামায়াতের লোকদের নিকট আসি তখন কেন আমাদের যাদু বা আলৌকিক ক্ষমতা কাজ করে না। কিন্তু যখন আমরা মঙ্গোলিয়ান কাফের তাতারদের নিকট যাই তখন আমাদের আলৌকিক ক্ষমতা কাজ করে (কেন)?"

ইবনে তামিয়াহ বললেন- "তুমি কি তোমাদের তাতারদের ও আমাদের নমুনা জান? আমরা সাদা ঘোড়ার মতো, তোমরা সাদা কালো ছোপ ওয়ালা ঘোড়ার মতো আর তাতাররা কাল ঘোড়ার মতো। যখন কোন সাদা কালো ছোপযুক্ত ঘোড়া কালো ঘোড়ার পালে প্রবেশ করে তখন এটাকে সাদা দেখায় আর যখন এটা সাদা ঘোড়ার পালে প্রবেশ করে তখন এটাকে কালো দেখায়। এখন তোমাদের সামান্য আলোর (নূরের) লেশ আছে। যখন তোমরা কাফেরদের সাথে মিশ তখন তোমাদের সে নূরের লেশ দেখা যায়। কিন্তু যখন তোমরা আমাদের অধিকতর শক্তিশালী আলো সম্বলিত আহলে সুন্নাহ ওয়াল জামাতের লোকদের নিকট আস তখন তোমাদের অন্ধকার প্রকাশিত হয় (মৃদু আলো নিম্প্রভ হয়ে যায়। --অনুবাদক) আর এটাই তোমাদের, তাতারদের ও আমাদের উদাহরণ।"

"আর যাদের মুখমণ্ডলসমূহ উজ্জ্বল হবে তারা (জান্নাতে) আল্লাহর রহমতের মাঝে থাকবে। সেখানে তারা চিরকাল থাকবে।" (৩-সূরা আলে ইমরানঃ আয়াত-১০৭)



• Source — https://www.hadithbd.com/books/link/?id=7682

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন